

💵 আল-ফিকহুল আকবর

বিভাগ/অধ্যায়ঃ আল-ফিকহুল আকবারের বঙ্গানুবাদ ও ব্যাখ্যা রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

২. ১. ঈমান বিল্লাহ বা আল্লাহে বিশ্বাস

আল-ঈমান বিল্লাহ (الإيمان بالله) বা আল্লাহে বিশ্বাস অর্থ আল্লাহর তাওহীদে বিশ্বাস। ইবনু আব্বাস (রা) বলেন, রাসূলুল্লাহ (ﷺ) বলেন:

أَتَدْرُونَ مَا الإِيمَانُ بِاللَّهِ؟ ... شَهَادَةُ أَنْ لا إِلَهَ إِلا اللَّهُ وَأَنَّ مُحَمَّدًا رَسُولُ اللَّهِ (لاَ إِلَهَ إِلاَّ اللَّهُ وَحْدَهُ لاَ شَرِيكَ لَهُ وَأَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ)

"তোমরা কি জান ঈমান বিল্লাহ বা আল্লাহে বিশ্বাস কী... এ কথার সাক্ষ্য দেওয়া যে, আল্লাহ ছাড়া কোনো ইলাহ বা মাবূদ নেই এবং মুহাম্মাদ (變) তাঁর রাসূল। অন্য বর্ণনায়: আল্লাহ ছাড়া কোনো উপাস্য নেই, তিনি একক, তাঁর কোনো শরীক নেই এবং মুহাম্মাদ তাঁর বান্দা ও রাসূল।"[1]

এখানে আমরা দেখছি যে, ঈমান বিল্লাহ বলতে আল্লাহর ইবাদতের একত্বে বিশ্বাস করা বুঝায়। আর এর অবিচ্ছেদ্য অংশ মুহাম্মাদ (ﷺ) এর রিসালাতের বিশ্বাস।

ফুটনোট

[1] বুখারী, আস-সহীহ ১/২৯ (কিতাবুল ঈমান, বাবু আদায়িল খুমুসি মিনাল ঈমান), মুসলিম, আস-সহীহ ১/৪৮ (কিতাবুল ঈমান, বাবুল আমরি বিল ঈমান বিল্লাহ), তাবারানী, মুসনাদুশ শামিয়্যীন ১/৩৪৬; বূসীরী, ইতহাফুল খিয়ারাতিল মাহরাহ ১/১৩৫।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7094

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন